



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-৫১

তারিখঃ ১১ মার্চ ২০১৯

প্রেস বিজ্ঞপ্তিঃ

অতি সম্প্রতি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মামুন নামের এক ব্যক্তি অস্ত্র নিয়ে প্রবেশ করে এবং চেকিং এর সময় তা সনাক্ত না হওয়ায় নিজেই তা প্রকাশ করে। তিনি নিজেকে জাতীয় মানবাধিকার কমিশনের ভাইস- চেয়ারম্যান হিসাবে পরিচয় দেন মর্মে গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। প্রকৃতপক্ষে জাতীয় মানবাধিকার কমিশনে ভাইস- চেয়ারম্যান নামে কোন পদ নেই এবং উক্ত ব্যক্তির সাথে কমিশনের কোন সংশ্লিষ্টতা নেই। জনগণকে এ ব্যাপারে সতর্ক থাকার জন্য আহ্বান জানানো হল।

এছাড়াও লক্ষ্য করা যাচ্ছে, সম্প্রতি কিছু অসাধু ব্যক্তি ও প্রতিষ্ঠান জাতীয় মানবাধিকার কমিশনের লোগো ব্যবহার করে প্রচারণা চালিয়ে জনগণকে বিভ্রান্ত করছে। কোন কোন ক্ষেত্রে এসকল সংস্থা নামের সাথে 'কমিশন' শব্দ ব্যবহার, জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যপদ ও আইডি কার্ড দেওয়ার নামে অর্থ আদায় করছে এবং ফেসবুকে কমিশনের নামে পেজ খোলার অভিযোগ আছে। উল্লেখ্য, ২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগদান করেন। সুতরাং, অন্য কোন উপায়ে কমিশনের সদস্য হওয়ার কোন সুযোগ নেই।

কমিশনের প্রধান কার্যালয় ঢাকার কারওয়ান বাজারে অবস্থিত এবং ২ টি আঞ্চলিক কার্যালয় রাঙ্গামাটি, খুলনা ও কক্সবাজারে অবস্থিত। এছাড়া কমিশনের আর কোন কার্যালয় নাই। জনগণকে এসকল প্রতারণাকর থেকে সতর্ক হওয়ার আহ্বান জানানো হচ্ছে।

ধন্যবাদান্তে

ফারহানা সিদ্দিক
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন
মোবাইলঃ ০১৭৯০-৫৩৬৯৩৬